দৈনিক সংবাদ

১৮/৭/২০০১

তারিখ ....................
পৃষ্ঠা ৩ ...... কলাম ৮ ......

### বরিশাল শিক্ষা বোর্ড

## অভিজ্ঞতার ভুয়া সার্টিফিকেট দিয়ে চাকরি নেয়ার অভিযোগ

**বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক :** চাকরির পূর্ব-অভিজ্ঞতার ভুয়া সার্টিফিকেট দিয়ে বরিশাল শিক্ষা বোর্ডে এক ব্যক্তি সেকশন অফিসারের চাকরি নিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। আর এ অবৈধ কাজে সহযোগিতা করেছেন বরিশাল পৌরসভার বিদায়ী চেয়ারম্যান ও মহানগর বিএনপির সভাপতি আহসান হাবিব কামাল।

বরিশাল শিক্ষা বোর্ড প্রতিষ্ঠার পর বিভিন্ন পদে লোক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সেকশন অফিসার পদে নিয়োগের জন্য যেকোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের চাকরি করার পূর্ব অভিজ্ঞতা থাকার শর্ত আরোপ করা হয়।

সিঅ্যান্ডবি রোডের জনৈক মো. আমিনুল ইসলাম বরিশাল পৌরসভায় ৫ বছরের চাকরি করার অভিজ্ঞতার সনদপত্রসহ বিদায়ি অফিসার পদের জন্য আবেদন করেন। বরিশাল পৌরসভার বিদায়ি চেয়ারম্যান আহসান হাবিব কামাল বিগত ৩০শে নভেম্বর তারিখে আমিনুল ইসলামকে একটি সার্টিফিকেট দিয়ে উল্লেখ করেন যে, তিনি ১৯৯৩ সালের ১লা মে তারিখ থেকে ২০০০ সালের ২৫শে অক্টোবর পর্যন্ত বরিশাল পৌরসভায় চাকরি করে স্বেচ্ছায় চাকরিতে ইস্তফা দিয়েছেন। আর এ সার্টিফিকেটের ভিত্তিতে আমিনুল ইসলাম বোর্ডে চাকরি পান। কিন্তু বরিশাল পৌরসভায় এ নামে কোন ব্যক্তি কোনদিনই চাকরি করেননি।

একটি সূত্র থেকে জানা যায়, বরিশাল শিক্ষা বোর্ডের সেকশন অফিসার আমিনুল ইসলাম পূর্বে ছাত্রদলের একজন নেতা ও পৌর চেয়ারম্যানের একান্ত অনুগত থাকার জন্যই তাকে একটি ভুয়া সার্টিফিকেট দেয়া হয়। উল্লেখ্য, বোর্ডের স্থায়ী কর্মচারীদের মধ্যে সেকশন অফিসার পদটি সর্বোচ্চ পদ।